UITS

UNIVERSITY OF INFORMATION TECHNOLOGY AND SCIENCES

Souvenir



31 October 2026

Venue:

Bangladesh-China Friendship Exhibition Center (BCFFC)
Dhaka, Bangladesh

অনুষ্ঠান সূচী

১৫ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
৩১ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ শনিবার
ভেন্যু: বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার, পূর্বাচল, ঢাকা।

বেলা ১১.০০ টা	আমন্ত্রিত অতিথি ও গ্রাজুয়েটবৃন্দের আসন গ্রহণ	
বেলা ১১.৩০ মি:	সমাবর্তন শোভাযাত্রাসহ প্রধান অতিথির আগমন	
বেলা ১১.৩৩ মি:	জাতীয় সংগীত পরিবেশন	
বেলা ১১.৩৫ মি:	পবিত্র কোরআন থেকে তেলাওয়াত	
বেলা ১১.৩৭ মি:	নাতে রাসুল (সা.) পরিবেশনা	
বেলা ১১.৩৯ মি:	পবিত্র গীতা পাঠ	
বেলা ১১.৪১ মি:	পবিত্র ত্রিপিটক পাঠ	
বেলা ১১.৪৩ মিঃ	পবিত্র বাইবেল পাঠ	
বেলা ১১.৪৫ মি:	সমাবর্তন অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা	ভাইস চ্যান্সেলর, ইউআইটিএস ও সমাবর্তন সভাপতি
বেলা ১১.৪৬ মি:	স্বাগত বক্তব্য	ড. মোঃ ওমর ফারুক, উপদেষ্টা, বোর্ড অব ট্রাস্টিজ, ইউআইটিএস
বেলা ১১.৫১ মি:	প্রধান অতিথির বক্তব্য	অধ্যাপক ড. মামুন আহমেদ চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
দুপুর ১২.০০ টা	সমাবর্তন বক্তার বক্তব্য	সুফি মোহাম্মদ মিজানুর রহমান চেয়ারম্যান, পিএইচপি ফ্যামিলি
দুপুর ১২.২০ মি:	ডিগ্রী প্রদান	ভাইস চ্যান্সেলর, ইউআইটিএস ও সমাবর্তন সভাপতি
দুপুর ১২.২৫ মি:	স্বর্ণপদক প্রদান	ভাইস চ্যান্সেলর, ইউআইটিএস ও সমাবর্তন সভাপতি
দুপুর ১২.৩৫ মি:	ক্রেস্ট প্রদান	ভাইস চ্যান্সেলর, ইউআইটিএস ও সমাবর্তন সভাপতি
দুপুর ১২.৪০ মি:	সমাবর্তন সভাপতি এর ভাষণ	অধ্যাপক ড. মো: আবু হাসান ভূঁইয়া ভাইস চ্যান্সেলর, ইউআইটিএস ও সমাবর্তন সভাপতি
দুপুর ১২.৫০ মি:	জাতীয় সংগীত পরিবেশন	

Contents

1. Messages
    - Honorable President and Chancellor 5
    - Honorable Prime Minister 6
    - Honorable Minister of Education 8
    - Honorable Chairman, UGC 9
    - Chairman, Board of Trustees 10
    - Vice Chancellor 11
    - Advisor, Board of Trustees 12

2. স্বাগত ভাষণ 13
3. উপাচার্যের ভাষণ 15
4. সমাবর্তন বক্তার ভাষণ 17
5. UITS Overview 32
6. Faculty Wise Briefings 34
7. Board of Trustees 43
8. Vice Chancellors 44
9. Pro-Vice Chancellors 45
10. Treasurers 46
11. Syndicate Members 47
12. Academic Council 48
13. Finance Committee 49
14. Faculty Members 50
15. List of Gold Medalists 57
16. Registered Alumni Pictures 58
17. Convocation Committee & Sub-Committees 110
18. Photo Gallery 116

بسم الله الرحمن الرحيم

PRESIDENT
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
BANGABHABAN, DHAKA

15 Kartik 1433
31 October 2026



Message

It gives me profound pleasure to learn that the University of Information Technology & Sciences (UITS) is celebrating its 4th Convocation on 31 October 2026. On this distinguished occasion, 1 extend my heartfelt congratulations and warm felicitations to the graduating students, their proud parents and guardians, the dedicated members of the faculty, and the entire UITS family.

University education occupies a pivotal position in building a knowledge-based society. In the twenty-first century, I firmly believe that a balanced education- one that harmonises academic scholarship with practical, hands-on experience is indispensable to genuine national progress. The Government of Bangladesh remains committed to a wide range of initiatives aimed at elevating the quality of higher education and technical and professional training across the country. In this regard, greater emphasis should be laid on vocational education, engineering, digital technologies and other emerging fields which are employment-oriented. It is my carnest hope that UITS will make full use of these opportunities to deliver quality education through a state-of-the-art and industry-responsive curriculum, and that it will continue to serve as a vital educational institution for producing skilled human resources capable of realizing Bangladesh's vast developmental potential while keeping pace with an ever-changing world.

A convocation is a memorable ceremony in the life of any graduate marking both an achievement and the beginning of a new journey. I hope our graduates will face the future with confidence, courage and optimism and remain lifelong learners. I hope they will also use modern technology ethically and effectively to attain excellence in their respective fields, and contribute meaningfully to building a happy, prosperous, and self-reliant Bangladesh.

I wish the 4th Convocation of the University of Information Technology & Sciences a grand success.

Mirza Fakhrul Islam Alamgir

بسم الله الرحمن الرحيم



Prime Minister
Government of the People's Republic of Bangladesh

15 Kartik 1433 BS
31 October 2026

Message

Education is not merely an instrument for acquiring knowledge; it is a prime investment in the future of a nation. Our vision is to build an education system that is modern, scientific, inclusive and responsive to the changing needs of the twenty-first century - one that equips our young people with knowledge, skills, creativity, ethical values and the confidence to compete and contribute in a rapidly changing world.

In pursuit of this vision, the 4th Convocation of the University of Information Technology & Sciences (UITS) on 31 October 2026 is an important milestone as we prepare our young generation for a rapidly changing world. On the occasion, I extend my warm congratulations to the graduating students, their parents and families, the faculty members and the university administration.

Our government remains firmly committed to transforming higher education by expanding access, promoting innovation, strengthening digital and technological capabilities, and ensuring that education is closely aligned with the demands of the future. Private universities such as UITS have an important role to play in this national endeavour by widening opportunities for higher learning, fostering research and entrepreneurship, and developing a skilled and competitive human-resource base.

We are pursuing reforms to make education more relevant to the needs of a changing economy and society. Greater emphasis will be placed on science and technology, digital literacy, artificial intelligence, language skills, research, innovation and practical competencies. At the same time, we seek to ensure that education remains grounded in ethics, social responsibility and the values necessary to build a humane and resilient society.

I am confident that UITS will continue to contribute to this vision by producing graduates who are not only professionally competent, but also creative, responsible and forward-looking. I urge the graduating students to use their knowledge and emerging technologies ethically and imaginatively, address local and global challenges, and turn their ideas into solutions that create opportunities for others.

بسم الله الرحمن الرحيم

Prime Minister

Government of the People's Republic of Bangladesh

Keeping Bangladesh first in our national vision, we seek to bring about transformative changes in the higher education sector and build a knowledge-based, technologically advanced and self-reliant nation. I hope the graduates of UITS will be active partners in this journey and use their talents for the greater good of our country and humanity.

I wish the 4th Convocation of the University of Information Technology & Sciences every success and the graduating students a bright and fulfilling future.

Tarique Rahman

Dr. A. N. M. Ehsanul Hoque Milan, MP
Minister
Ministry of Education
Ministry of Primary and Mass Education
Government of the People's Republic of Bangladesh

ড. আ ন ম এহছানুল হক মিলন এমপি
মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক ও গণশিক্ষ্য মন্ত্রণালয়
গণপ্রজাত্রী বাংলাদেশ সরকার



15 Kartik 1433 BS
31 October 2026

Message

I am extremely pleased to learn that the University of Information Technology & Sciences (UITS) is organising its 4th Convocation on 31 October 2026. On this auspicious occasion, I extend my heartfelt congratulations to the graduating students, their proud parents, faculty members, and the university administration for making this grand event possible.

Upon graduation, students step into professional and practical spheres where new challenges await them. It is essential that they apply their theoretical knowledge to real-world situations to meet the everyday demands of their personal and professional lives. I hope that our graduates will remain dedicated, motivated, and committed to their respective pursuits while contributing to national development and social progress in Bangladesh.

The current government, led by the Honorable Prime Minister Mr. Tarique Rahman, is working relentlessly to build a merit and skills-based society. I firmly believe that UITS will work sincerely towards achieving this objective.

I am confident that this 4th Convocation will mark another significant milestone in UITS's journey towards becoming one of the leading universities in Bangladesh.

I wish the University of Information Technology & Sciences (UITS) continued success and excellence in all its future endeavours.

Dr. A. N. M. Ehsanul Hoque Milon

Government of the People's Republic of Bangladesh
University Grants Commission of Bangladesh
Agargaon, Sher-E-Bangla Nagar, Dhaka-1207, Bangladesh
Phone: +88-02-58160100
E-mail: chairman@ugc.gov.bd, chairmanugcbd@gmail.com
Web: www.ugc.gov.bd

University
Grants Commission of Bangladesh

Professor Dr. Mamun Ahmed
Chairman

14 October 2026



Message

It is a matter of great pride and pleasure that the University of Information Technology & Sciences (UITS) is convening its Convocation on 31 October 2026, marking a significant milestone in the academic journey of the university and its graduates. On this auspicious occasion, I extend my heartfelt congratulations to the graduating students, their proud families, the dedicated faculty members, and the university administration.

The University Grants Commission of Bangladesh remains steadfast in its commitment to advancing quality higher education through academic excellence, robust quality assurance, research, innovation, and good governance. Private universities are valued partners in this endeavour, contributing meaningfully to the expansion of educational opportunities and the development of a knowledge-driven society. I am confident that UITS will continue to uphold high academic standards, foster a vibrant culture of research and innovation, and nurture competent, ethical, and forward-looking graduates equipped to meet the evolving challenges and opportunities of a rapidly changing world.

To the graduating students, I encourage you to embrace lifelong learning, uphold the highest standards of integrity, and apply your knowledge and skills for the greater good of society. May this achievement serve not as the culmination of your learning, but as the beginning of a promising journey of discovery, leadership, and meaningful contribution to the nation and beyond.

I wish the university community continued success and the Convocation a memorable and joyous celebration.

Professor Dr. Mamun Ahmed
Chairman



Alhaj Sufi Mohamed Mizanur Rahman
Founder & Chairman, Board of Trustees
University of Information Technology & Sciences (UITS)

Message

In the name of Allah, the Most Gracious, the Most Merciful.

Allah's infinite mercy, grace, and blessings are reflected in every corner of the universe. As His servants, human beings have been endowed with unique potential, intellect, and capability—true manifestations of Divine benevolence. Out of His boundless mercy, the Almighty has granted humanity a portion of knowledge, power, and understanding. Guided by these gifts, human beings are empowered to navigate the complexities of life and to build a meaningful presence on Earth. Among the highest of these blessings is the gift of the pen — the instrument through which we preserve wisdom, expand the horizons of learning, and continually strive for the elevation of society.

Against this sacred backdrop, the University of Information Technology & Sciences (UITS) embarked upon its noble journey in 2003. Today, as we gather to celebrate our 4th Convocation, UITS reaches yet another historic milestone in its pursuit of academic excellence and social transformation. Our institution was founded on the fundamental principle of delivering a holistic and comprehensive education — one that nurtures the intellectual, moral, and personal growth of every student while expanding access to higher learning across our nation.

At UITS, we remain deeply committed to cultivating an environment rich in experiential learning, critical thinking, creativity, and scholarly inquiry. We strive to build a supportive academic ecosystem that attracts, retains, and inspires students, faculty, and researchers of the highest calibre. By fostering a culture grounded in freedom of thought, institutional integrity, and international research collaboration, we prepare our youth to compete on the global stage. Crucially, alongside academic rigour, we place equal emphasis on instilling strong ethical values, moral uprightness, and a profound sense of civic duty, so that our graduates may serve humanity with compassion and distinction.

The 4th Convocation is not merely a graduation ceremony; it is a monumental testament to our collective perseverance, vision, and dedication. It represents our unwavering resolve to equip the next generation with the knowledge and resilience required to meet the challenges of the twenty-first century, and to lead Bangladesh toward a brighter, more prosperous future.

To our graduates: as you step forward into the world, carry the values of UITS with pride, remain lifelong learners, and use your knowledge to light the path for others.

May Almighty Allah bless us all with His divine Peace, Happiness, and Prosperity.

Ameen.

Alhaj Sufi Mohamed Mizanur Rahman



Professor Dr. Md. Abu Hashan Bhuiyan
Vice-Chancellor,
University of Information Technology & Sciences (UITS)

Message

On this momentous and auspicious occasion of the 4th Convocation of the University of Information Technology & Sciences (UITS), it gives me immense pride and joy to extend my warmest congratulations and heartfelt felicitations to our graduating students, their proud parents and guardians, our dedicated faculty members, and our administrative staff. This grand day stands as a testament to years of unwavering perseverance, academic diligence, and the shared vision of our entire university community.

A convocation is far more than a formal ceremony conferring academic degrees; it represents a profound milestone of transformation and self-discovery, an opportunity for reflection on past achievements, and a gateway to future possibilities. Over more than two decades, UITS has steadily carved out a distinguished space as a leading centre of higher learning in Bangladesh. We have continuously strived to bridge the gap between theoretical knowledge and practical innovation, equipping our students with state-of-the-art skills in modern laboratories and collaborative, real-world environments.

Yet true education extends beyond technical competence and academic performance. At UITS, we are deeply committed to shaping well-rounded individuals who possess strong moral values, civic responsibility, and a profound sense of human empathy. Inspired by the noble philosophy of our Founder and Chairman, Alhaj Sufi Mohammed Mizanur Rahman, we instil in our students the conviction that knowledge must always be coupled with ethics in the service of humanity.

As you step beyond the familiar halls of our campus into a rapidly evolving, twenty-first-century global landscape, you will encounter both complex challenges and unprecedented opportunities. The world today demands visionaries, critical thinkers, and ethical leaders who can harness technology to drive sustainable development, foster economic progress, and champion social justice. I am confident that the intellectual foundation and values you have acquired at UITS will enable you to navigate these complexities with distinction.

While your physical journey on this campus concludes today, your bond with this institution is enduring. You now join a growing network of UITS alumni making meaningful contributions across the globe. Wherever your aspirations take you, carry the legacy of UITS with integrity, humility, and excellence.

Once again, I congratulate the graduates of the 4th Convocation. May your future endeavours be crowned with extraordinary success, purpose, and fulfilment.

Professor Dr. Md. Abu Hashan Bhuiyan



Dr. Md. Omar Faruque
Adviser, Board of Trustees
University of Information Technology & Sciences (UITS)

Message

It is with immense pleasure and profound pride to extend my heartiest congratulations to the promising graduates, learned faculty, proud parents, staff and the entire University of Information Technology and Sciences (UITS) family on this momentous occasion of the 4th Convocation of the UITS.

The fast-evolving world of the 21st century has witnessed a revolutionary transformation in science and technology, specifically within the realm of information technology. UITS, the first university in Bangladesh established with a focus on information technology, began its journey in 2003 with a visionary path. This great institution of higher education came into existence through unflagging dedication, a noble dream, and exemplary leadership of our esteemed Founder and Chairman of the Board of Trustees, Alhaj Sufi Mohamed Mizanur Rahman, a philanthropist, philosopher and industrialist. Imbued by his profound philosophy "Divine blessings, mixed with hard work, backed by good intentions, make miracles,"

Convocation is not merely the culmination of an academic journey; it is the beginning of a new phase of life filled with opportunities, responsibilities and challenges. I encourage you to welcome the future with confidence, courage and compliance. Remember that the road of success is always under construction. Therefore, constantly continue to learn, remain inquisitive, respect diversity, and use your knowledge not only for personal growth but also for the betterment of society. Let your achievements be measured not only by what you accomplish, but also by the positive differences you make in the lives of others.

Today, as our graduates step into the professional world, they carry not only knowledge and technical skills but also the values, discipline and spirit of excellence nurtured at UITS. Guided by motto of UITS, “Future will be better than thy Past”. We committed to placing education and technology at the very centre of nation-building.

I would especially like to remind the graduates that you are the vanguards of our esteemed Founder Chairman Alhaj Sufi Mohammed Mizanur Rahman' s vision of building a society where truth will prevail over the falsehood and where humanity will be given priority over everything else. As you embark on a new chapter of your lives, remember that your degree represents not only academic achievement but also responsibility to serve the country with integrity, professionalism, compassion, and excellence. Be lifelong learners, embrace innovation with confidence, and strive to create positive change where your journey leads you. May your achievements inspire future generations and bring lasting honour to your alma mater. May your knowledge be a source of progress, your character a source of strength, your achievements a source of benefit to humanity, and your deeds make this world a better place to live.

Congratulations once again! May Almighty Allah guide and bless you well.

Dr. Md. Omar Faruque

স্বাগত ভাষণ

শ্রদ্ধেয় সভাপতি, সম্মানিত প্রধান অতিথি, বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ড. মামুন আহমেদ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান পরম শ্রদ্ধেয় বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, সুবক্তা, আদর্শ শিল্পপতি,দার্শনিক এবং ইউআইটিএস-এর প্রতিষ্ঠাতা সুফি মুহাম্মদ মিজানুর রহমান, বরেণ্য বিশেষ অতিথিবৃন্দ, ট্রাস্টি বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ, শিক্ষাব্রতী উপাচার্য, শ্রদ্ধাভাজন শিক্ষকমণ্ডলী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, প্রতিশ্রুতিশীল প্রিয় গ্র্যাজুয়েটগণ, অভ্যাগত অভিভাবকমণ্ডলী, গণমাধ্যমের প্রতিনিধিবৃন্দ এবং উপস্থিত সৌম্য সুধীমণ্ডলী,

আসসালামু আলাইকুম। শিউলি ঝরা শরতের হিমেল হাওয়া ও সোনাঝরা রোদের অপূর্ব মিতালীর স্নিগ্ধ-সকালে ঢাকার কর্ম-কোলাহল থেকে দূরে, সবুজে-শোভিত নিসর্গের কোলে অবস্থিত পূর্বাচলের উন্মুক্ত প্রান্তরের এই বর্ণিল আয়োজনে ইউআইটিএস পরিবারের পক্ষ থেকে আপনাদেরকে বিনম্র শ্রদ্ধা, প্রাণঢালা শুভেচ্ছা, সাদর সম্ভাষণ ও আনন্দিত চিত্তে স্বাগত জানাচ্ছি।

আজকের আয়োজনে উপস্থিত হয়ে আমাদের সমাবর্তন অনুষ্ঠানকে মহিমান্বিত করার জন্য মাননীয় সভাপতি ও প্রধান অতিথির প্রতি আমি গভীর কৃতজ্ঞতা জানাই। আপনাদের উপস্থিতি আমাদের গ্র্যাজুয়েটদের অনুপ্রাণিত করেছে এবং এই বিশ্ববিদ্যালয় পরিবারকে দীপান্বিত ও বিশেষ মর্যাদাদান করেছে।

প্রিয় গ্র্যাজুয়েটবৃন্দ,

আপনাদের জানাই অকৃত্রিম ও আন্তরিক অভিনন্দন। আজকের এই বিশেষ দিনটির পিছনে রয়েছে আপনাদের অগণিত বিনিদ্র রজনীর দীর্ঘ সাধনা, কঠোর পরিশ্রম, অধ্যবসায় ও আত্মত্যাগের অজানা আলেখ্য। বহু বাধা-বিপত্তি ও চড়াই-উৎরাই পেরিয়ে আজ আপনারা সাফল্যে ও সম্ভাবনাময় বহু আকাঙ্ক্ষিত বন্দরে উপনীত হয়েছেন। আজ আপনারা শুধু একটি ডিগ্রি অর্জন করেননি; বরং অর্জন করেছেন আপনাদের পিতামাতা, শিক্ষক, পরিবার ও পুরো জাতির আস্থা, আশা-আকাঙ্ক্ষা, প্রতিশ্রুতি ও প্রত্যাশা।

আপনারা আজ প্রতীক্ষিত এমন এক সময়ে কর্মজীবনে পদার্পণ করছেন যখন প্রযুক্তির অপ্রতিরোধ্য অগ্রযাত্রা, কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) বিস্ময়কর বিকাশ, বৈশ্বিক প্রতিযোগিতা এবং যোগ্যতার মানদণ্ডে প্রতিনিয়ত নতুন নতুন উদ্ভাবন ও মাত্রা যোগ হচ্ছে। তথ্যপ্রযুক্তি ও বিজ্ঞানের ক্ষেত্রে অর্জিত এই অভাবনীয় জ্ঞান ও দক্ষতা আপনাদের বিশ্বমঞ্চে যেকোনো চ্যালেঞ্জ তথা প্রতিযোগিতার মুখোমুখি হতে সক্ষম করে তুলেছে। আমি আপনাদের আহ্বান জানাই:

- সততা ও নিষ্ঠার সাথে জ্ঞানের অন্বেষণ অব্যাহত রাখুন;
- অর্জিত ডিগ্রির পাশাপাশি বাস্তবমুখী দক্ষতা ও নৈতিক মূল্যবোধে পরিচর্চা করুন;
- আপনাদের সৃজনশীলতা ও মেধা দিয়ে সমাজ এবং দেশের বাস্তবতাভিত্তিক সমস্যার সমাধান খুঁজে বের করুন;

প্রিয় শিক্ষার্থীবৃন্দ!

বিশ্ববিদ্যালয় কেবল একটি ডিগ্রি প্রদানের স্থান নয়, বরং এটি যেন মহাজগতের একটি প্রতিফলিত প্রতিবিম্ব (Miniature of the Universe), নতুন জ্ঞান সৃষ্টি ও গবেষণার উর্বর ভূমি। ইউআইটিএস প্রতিনিয়ত আধুনিক ও মানসম্মত আন্তর্জাতিক শিক্ষা এবং গবেষণার সম্ভাবনাময় পরিবেশ তৈরিতে কাজ করে যাচ্ছে। আগামী দিনে আমাদের লক্ষ্য হলো :

- মানসম্মত ও চাহিদানির্ভর আন্তর্জাতিক মানের শিক্ষা ও গবেষণাকে আরও সমুন্নত করা;
- শিক্ষার্থীদের বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষ ও মানবিক যোগ্যতাসম্পন্ন নাগরিক হিসেবে গড়ে তোলা;
- বিজ্ঞান, তথ্যপ্রযুক্তি ও উদ্ভাবনের নতুন দিগন্ত উন্মোচনে সম্মিলিত ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।

সমাবর্তনের মতো এত বড় একটি অনুষ্ঠানের পিছনে থাকে অগনিত মানুষের কঠোর পরিশ্রম, নিষ্ঠা , আন্তরিকতা ও সযত্ন প্রয়াস। বিপুল ও বিস্তৃত এই আয়োজনে যদি কোনো ভুলত্রুটি, সীমাবদ্ধতা , বিড়ম্বনা, অস্বস্তি কিংবা কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তিতে কোন অনিচ্ছাকৃত বিঘ্ন ঘটে থাকে, তার জন্য আমরা আন্তরিকভাবে অগ্রিম দুঃখ প্রকাশ করছি এবং এগুলো ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

প্রিয় গ্র্যাজুয়েটগণ,

কর্মক্ষেত্রে পদার্পণ করে আপনারা সবসময় সত্য, ন্যায়, নিষ্ঠা, দেশপ্রেম ও সততার পথে অবিচল থাকবেন। সমাজের যেসব মানুষ দুঃস্থ, অবহেলিত, সুবিধাবঞ্চিত তাঁদের প্রতি সর্বদা সহমর্মী ও সহানুভূতিশীল মনোভাব পোষণ করবেন। মনে রাখবেন, আপনাদের প্রকৃত সাফল্য নিহিত রয়েছে দেশের সাধারণ মানুষের সেবা, ভাগ্য পরিবর্তন ও কল্যাণে আত্মনিবেদিত থাকার মধ্যে। ভবিষ্যতেরসকল ভ্রূকুটিকে উপেক্ষা করে দায়িত্ববোধ, দেশপ্রেম ও মানবসেবাকে জীবনের মূলনীতি হিসেবে গ্রহণ করুন।

সুপ্রিয় উপস্থিতিবৃন্দ !

আজকের এই ঐতিহাসিক মুহূর্তটি সফল করে তোলার পেছনে যাঁদের অবদান অনস্বীকার্য, বিশেষ করে বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত চেয়ারম্যান, উপদেষ্টা ও সদস্যবৃন্দ, মাননীয় উপাচার্য, শিক্ষকবৃন্দ এবং কর্মকর্তা-কর্মচারীদের প্রতি তাঁদের একাগ্রতা ও নিরলস পরিশ্রমের জন্য আন্তরিক ধন্যবাদ ও গভীর কৃতজ্ঞতা জানাচ্ছি ।

একই সঙ্গে আমি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাচ্ছি প্রিয় অভিভাবকদের প্রতি। আপনাদের অপরিসীম ধৈর্য্য, ত্যাগ ও নিরবচ্ছিন্ন সমর্থনের ফলেই আজ আপনাদের সন্তানেরা এই বিজয় মুকুটে ভূষিত হতে পেরেছেন।

পরিশেষে, ইউআইটিএস-এর ৪র্থ সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত সকলকে আবারও সালাম, আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানাই। আজকের এই দিনটি আপনাদের সকলের স্মৃতিরমণিকোঠায় চিরঅম্লান, অনিঃশেষ আনন্দ ও হৃদয়ের গভীরে আদৃত সঞ্চয় হিসেবে জাগরূক থাকুক এই প্রত্যাশা করি।

আপনাদের সকলের সুনন্দ ভবিষ্যৎ, উজ্জ্বল জীবন ও চিরকল্যাণ কামনায় এখানেই ইতি টানছি।

ভালো থাকুন !

আল্লাহ হাফেজ

ড. মোঃ ওমর ফারুক
উপদেষ্টা, বোর্ড অব ট্রাস্টিজ, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস)

উপাচার্যের ভাষণ

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

সমাবর্তন বক্তা- পরম শ্রদ্ধেয় আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ, বিশেষ অতিথিবৃন্দ, প্রখ্যাত শিক্ষাবিদ ও প্রতিনিধিবৃন্দ, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিশ্ববিদ্যালয় বোর্ড অব ট্রাস্টিজের সদস্যবৃন্দ, উপদেষ্টামণ্ডলী, অভিভাবকমণ্ডলী, কোষাধ্যক্ষ, পরীক্ষা নিয়ন্ত্রক, ডিনবৃন্দ, রেজিস্ট্রার, প্রক্টর, বিভাগীয় প্রধানগণ, শিক্ষক-শিক্ষিকাবৃন্দ, প্রিয় শিক্ষার্থীবৃন্দ, বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকবৃন্দ এবং উপস্থিত সুধীমণ্ডলী –

আসসালামু আলাইকুম ও শুভ সকাল।

আপনাদের সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ অভ্যর্থনা।

এই মাহেন্দ্রক্ষণে, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সাইন্সেস (ইউআইটিএস)-এর ৪র্থ সমাবর্তন অনুষ্ঠানে আপনাদের উপস্থিতি আমাদের জন্য এক অনন্য প্রেরণা। আপনাদের আগমন এই অনুষ্ঠানকে যেমন মর্যাদাপূর্ণ করেছে, তেমনি আমাদের শিক্ষা ও গবেষণার অগ্রযাত্রাকে আরও বেগবান করেছে।

সমাবর্তন কেবল একটি আনুষ্ঠানিক অনুষ্ঠান নয়; এটি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক জীবনের অন্যতম শ্রেষ্ঠ মুহূর্ত। এটি শিক্ষার্থীদের অর্জনের স্বীকৃতি, শিক্ষকদের নিবেদনের প্রতিফলন এবং একটি প্রতিষ্ঠানের মানসম্মত শিক্ষার প্রতিশ্রুতির বহিঃপ্রকাশ।
আজকের এই দিনটি আমাদের জন্য গর্বের, কারণ আমরা এমন এক প্রজন্মকে বিদায় জানাচ্ছি, যারা জ্ঞান, দক্ষতা ও মূল্যবোধের সমন্বয়ে আগামী দিনের নেতৃত্ব দেবে। আমাদের পূর্ববর্তী সমাবর্তনসমূহ আন্তর্জাতিক পরিমণ্ডলে বিশেষ গুরুত্ব বহন করেছে। প্রথম সমাবর্তনে বিশ্ববরেণ্য বিজ্ঞানী ও ভারতের সাবেক রাষ্ট্রপতি ড. এ. পি. জে. আব্দুল কালাম, দ্বিতীয় সমাবর্তনে আধুনিক মালয়েশিয়ার রূপকার তুন ড. মাহাথির মোহাম্মদ এবং তৃতীয় সমাবর্তনে দেশবরেণ্য শিক্ষাবিদ ড. মোহাম্মদ কায়কোবাদ সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। আজ চতুর্থ সমাবর্তন অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আলহাজ সুফি মোহাম্মদ মিজানুর রহমান আমাদের মাঝে উপস্থিত হয়ে এই সমাবর্তন অনুষ্ঠানকে মহিমান্বিত করেছেন। তাঁদের মতো দিকপাল ব্যক্তিবর্গের উপস্থিতি আমাদের ঐতিহ্যকে সমৃদ্ধ করেছে এবং আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্রাণিত করেছে।

বর্তমান বিশ্ব এক অভূতপূর্ব পরিবর্তনের মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে। চতুর্থ শিল্পবিপ্লব, কৃত্রিম বুদ্ধিমত্তা, ডেটা সায়েন্স, সাইবার নিরাপত্তা এবং ক্লাউড প্রযুক্তির দ্রুত বিকাশ আমাদের জীবন, সমাজ ও অর্থনীতিকে পুনর্গঠন করছে। এই পরিবর্তনশীল বাস্তবতায় উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্ব আরও বৃদ্ধি পেয়েছে। আমাদের কেবল জ্ঞান প্রদান করলেই চলবে না – আমাদের শিক্ষার্থীদের এমনভাবে প্রস্তুত করতে হবে, যেন তারা জটিল সমস্যা বিশ্লেষণ করতে পারে, নতুন ধারণা উদ্ভাবন করতে পারে, প্রযুক্তিকে মানবকল্যাণে প্রয়োগ করতে পারে এবং বৈশ্বিক পরিসরে প্রতিযোগিতায় সক্ষম হয়। শিক্ষা এখন আর স্থবির নয়; এটি একটি গতিশীল, অভিযোজনশীল ও আন্তঃবিষয়ক প্রক্রিয়া।

২০০৩ সালে যাত্রা শুরুর পর থেকে ইউআইটিএস একটি স্বপ্নকে ধারণ করে এগিয়ে চলেছে – প্রযুক্তিনির্ভর মানসম্মত উচ্চশিক্ষা নিশ্চিত করা। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদের অধীনে দশটি বিভাগে ষোলোটি ডিগ্রি প্রোগ্রাম চালু রয়েছে, যেখানে প্রায় চার হাজার শিক্ষার্থী অধ্যয়নরত। আমাদের অবকাঠামো ও একাডেমিক পরিবেশ ক্রমাগত উন্নত হচ্ছে – উনচল্লিশটি আধুনিক গবেষণাগার, সমৃদ্ধ দুইটি লাইব্রেরি, ডিজিটাল লার্নিং প্ল্যাটফর্ম এবং গবেষণা সহায়তা ও চারটি একাডেমিক জার্নালে প্রকাশের সুবিধা এখানে বিদ্যমান।

আজকের এই সমাবর্তনে ৫৫৩৭ শিক্ষার্থী ডিগ্রি অর্জন করছে। এটি শুধু একটি সংখ্যা নয় – এটি হাজারো স্বপ্ন, সংগ্রাম এবং সাফল্যের প্রতীক। আমরা গর্বের সাথে উল্লেখ করছি যে, অসাধারণ একাডেমিক সাফল্যের জন্য এই চতুর্থ সমাবর্তনে ১৬ জন মেধাবী শিক্ষার্থীকে ৪টি মানদণ্ডে গোল্ড মেডেল প্রদান করা হচ্ছে। এর মধ্যে চ্যান্সেলর গোল্ড মেডেলিস্ট ৪ জন, বোর্ড অব ট্রাস্টিজ গোল্ড মেডেলিস্ট ৪ জন, ভাইস চ্যান্সেলর গোল্ড মেডেলিস্ট ৪ জন এবং ডিনস গোল্ড মেডেলিস্ট ৪ জন নির্বাচিত হয়েছেন।

একটি আধুনিক বিশ্ববিদ্যালয়ের সাফল্য কেবল তার পাঠদানের ওপর নির্ভর করে না; বরং তার গবেষণা, উদ্ভাবন এবং শিল্পখাতের সাথে সংযোগের ওপরও নির্ভর করে। ইউআইটিএস-এর গবেষণা কেন্দ্র শিক্ষক ও শিক্ষার্থীদের বিশ্বমানের গবেষণায় উৎসাহিত করছে। অভ্যন্তরীণ মান নিশ্চিতকরণ সেল এর মাধ্যমে আমরা দেশ-বিদেশের বিভিন্ন শিল্পপ্রতিষ্ঠানের সাথে সমঝোতা চুক্তি করে বাস্তবমুখী শিক্ষা নিশ্চিত করছি । আমাদের গ্র্যাজুয়েটেরা ক্যারিয়ার কাউন্সেলিং অ্যান্ড প্লেসমেন্ট সেন্টারের মাধ্যমে কর্মক্ষেত্রে দ্রুত অভিযোজিত হচ্ছে । আমাদের লক্ষ্য হলো – জ্ঞান সৃষ্টি করা, জ্ঞান প্রয়োগ করা এবং জ্ঞানকে সমাজের কল্যাণে ব্যবহার করা।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, শিক্ষা কেবল দক্ষতা অর্জনের মাধ্যম নয়; এটি চরিত্র গঠনের একটি প্রক্রিয়া। আমাদের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আলহাজ্ সুফি মোহাম্মদ মিজানুর রহমানের দিকনির্দেশনায় আমরা একটি মূল্যবোধভিত্তিক শিক্ষাব্যবস্থা গড়ে তুলেছি, যেখানে সততা, নৈতিকতা, মানবিকতা এবং দেশপ্রেমকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হয়।

"Future will be better than thy past" – এই মূলমন্ত্র আমাদের প্রতিটি উদ্যোগকে সামনে এগিয়ে নিয়ে যায়।

প্রিয় গ্র্যাজুয়েটবৃন্দ,

আজকের দিনটি তোমাদের জীবনের একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। তোমরা আজ যে সনদ গ্রহণ করছো, তা শুধু তোমাদের অর্জনের স্বীকৃতি নয় – এটি তোমাদের ভবিষ্যৎ দায়িত্বেরও প্রতীক। তোমাদের প্রতি আমার প্রত্যাশা: জ্ঞানকে মানবকল্যাণে ব্যবহার করো; সততা ও নৈতিকতা বজায় রেখো; প্রযুক্তিকে ইতিবাচক পরিবর্তনের হাতিয়ার হিসেবে গ্রহণ করো; ব্যর্থতাকে ভয় না পেয়ে তা থেকে শিক্ষা নাও; এবং সর্বোপরি, একজন দায়িত্বশীল নাগরিক হিসেবে নিজেকে গড়ে তোলো। বিশ্ব এখন সীমাহীন সম্ভাবনার এক উন্মুক্ত ক্ষেত্র। তোমাদের মেধা, সৃজনশীলতা এবং কর্মদক্ষতা তোমাদেরকে জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে প্রতিষ্ঠিত করবে – এই আমাদের দৃঢ় বিশ্বাস।

আমরা এমন একটি ভবিষ্যৎ কল্পনা করি, যেখানে ইউআইটিএস একটি বিশ্বমানের বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হবে – যেখানে শিক্ষা, গবেষণা ও উদ্ভাবন একসাথে বিকশিত হবে। আমাদের লক্ষ্য: আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা, গবেষণায় উৎকর্ষতা, শিল্পখাতের সাথে শক্তিশালী সংযোগ, এবং একটি মানবিক ও অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠন।

পরিশেষে, আজকের এই মহৎ অনুষ্ঠানে উপস্থিত সম্মানিত অতিথিবৃন্দ, সম্মানিত ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ডের সদস্যগণ, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, অভিভাবক এবং প্রিয় গ্র্যাজুয়েটদের প্রতি জানাই আন্তরিক ধন্যবাদ। আপনাদের সম্মিলিত সহযোগিতা ও অংশগ্রহণে ইউআইটিএস-এর ৪র্থ সমাবর্তন একটি স্মরণীয় মাইলফলকে পরিণত হয়েছে। আসুন, আমরা সবাই মিলে একটি জ্ঞানভিত্তিক, নৈতিক এবং সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার অঙ্গীকার করি।

আল্লাহ হাফেজ।

অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া
উপাচার্য, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সাইন্সেস (ইউআইটিএস)
৩১ অক্টোবর ২০২৬

ইউআইটিএস এর ৪র্থ সমাবর্তন ২০২৬ এর সমাবর্তন বক্তা
আলহাজ সুফি মোহাম্মদ মিজানুর রহমান



আউযু বিল্লাহি মিনাশ শাইতোয়ানের রাজীম।
বিসমিল্লাহির রাহমানির রাহীম।

পরম করুণাময়, অসীম দয়ালু মহান আল্লাহর নামে শুরু করছি।

আজ শনিবার, ৩১ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ
১৫ই কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ

আমাদের প্রিয় University of Information Technology and Sciences (UITS)-এর 4th Convocation-এর এই ঐতিহাসিক ও গৌরবময় দিনে আপনাদের সকলকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

বাংলাদেশের রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর-এর পক্ষে আজকের সমাবর্তন -এ সভাপতি হিসেবে সদয় উপস্থিত থেকে এ আয়োজনকে মহিমান্বিত করেছেন সম্মানিত প্রধান অতিথি বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ড. মামুন আহমেদ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন-এর চেয়ারম্যান। তাঁর প্রতি জানাই আমাদের গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা।

আজকের সমাবর্তন অনুষ্ঠানের উপস্থিত সভাপতি, আমাদের বিশ্ববিদ্যালয়ের পরম শ্রদ্ধেয় উপাচার্য মহোদয়,

বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্যবৃন্দ,
উপদেষ্টা, বোর্ড অব ট্রাস্টিজ, ইউআইটিএস,
ইউআইটিএস-এর সম্মানিত কোষাধ্যক্ষ মহোদয়,
সম্মানিত ডিনবৃন্দ,
সম্মানিত রেজিস্ট্রার মহোদয়,
সম্মানিত বিভাগীয় প্রধান ও অধ্যাপকমন্ডলী,
শ্রদ্ধেয় শিক্ষক-শিক্ষিকাবৃন্দ,
আজকের অনুষ্ঠানে আগত সম্মানিত আমন্ত্রিত অতিথিবৃন্দ,
আমাদের গর্বিত অভ্যাগত অভিভাবকমণ্ডলী,
ইউআইটিএস-এর প্রিয় শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও সহকর্মীবৃন্দ,
সম্মানিত সাংবাদিকবৃন্দ,

এবং সবশেষে- যাদেরকে ঘিরে আজকের এই মহিমান্বিত ও ঐতিহাসিক আয়োজন; দীর্ঘদিনের অধ্যবসায়, কঠোর পরিশ্রম, আত্মত্যাগ ও সাধনার মাধ্যমে যারা নিজ নিজ বিভাগে সফলভাবে শিক্ষাজীবনের একটি গুরুত্বপূর্ণ অধ্যায় সম্পন্ন করে অনুষ্ঠানিকভাবে আজ ডিগ্রি অর্জন করতে যাচ্ছেন- আমার হৃদয়ের অত্যন্ত কাছের, পরম স্নেহের প্রিয় ছাত্র-ছাত্রীবৃন্দ,

Ladies and Gentlemen,

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

May Allah bless you all with His endless divine mercy, peace, happiness and prosperity-PHP.Ameen.

আজকের দিনটি শুধু একটি সমাবর্তন এর দিন নয়। এটি আপনাদের জীবনের একটি নতুন অধ্যায়ের শুভ সূচনা। একই সঙ্গে এটি ইউআইটিএস পরিবারের জন্য গর্ব, আনন্দ, কৃতজ্ঞতা, আত্মমর্যাদা এবং আত্মোপলব্ধিরও এক বিশেষ দিন।

সমাবর্তন একটি বিশ্ববিদ্যালয়ের কেবল আনুষ্ঠানিক আয়োজন নয়; এটি জ্ঞান, অধ্যবসায়, চরিত্র, দেশপ্রেম, দায়িত্ববোধ এবং ভবিষ্যতের প্রতি আন্তরিক অঙ্গীকারের এক মহিমান্বিত ঘোষণা।

আজ আপনাদের হাতে যে ডিগ্রি তুলে দেওয়া হবে, তা নিছক একটি সনদ নয়। এর সঙ্গে যুক্ত আছে আপনাদের বহু বছরের শ্রম, গভীর প্রত্যাশা, লালিত স্বপ্ন, আপনাদের পিতা-মাতারঅপরিসীম ত্যাগ, শিক্ষকদের ঐকান্তিক নিষ্ঠা, পরিবারের দোয়া এবং সমাজের প্রতি আপনাদের ভবিষ্যৎদায়িত্বের অঙ্গীকার।

হৃদয়ের গভীর থেকে মহান আল্লাহর নিকট প্রার্থনা করি- আপনারা প্রত্যেকে যেন দুনিয়া ও আখিরাত, উভয় জাহানের পরিপূর্ণ কামিয়াবী অর্জন করতে পারেন।

প্রিয় সন্তানেরা,

আজ এই মঞ্চে দাঁড়িয়ে আমার নিজের জীবনের স্মৃতিময় কিছু কথা না বললে আমার বক্তব্য অসম্পূর্ণ থেকে যাবে।
আমি মোহাম্মদ মিজানুর রহমান- নিজেকে সবসময় একজন অতি সাধারণ মানুষ হিসেবেই মনে করি। আমার বাল্যকালে আজকের মতো শিক্ষা গ্রহণের এমন অবারিত সুযোগ-সুবিধা ছিল না। জীবনের কঠোর বাস্তবতা, অন্তহীন সংগ্রাম, সীমাবদ্ধতা এবং সুযোগের অভাবে আমি নিজে কাঙ্ক্ষিত প্রাতিষ্ঠানিক উচ্চশিক্ষা গ্রহণ করতে পারিনি। জীবনের দীর্ঘ পথ চলায় সেই অপূর্ণতা আমার হৃদয়ের গভীরে অতৃপ্ত ও নীরব বেদনার ফল্গুধারা হয়ে প্রবাহিত হচ্ছিল।
কিন্তুমহান আল্লাহ তায়ালার অশেষ মেহেরবানীতে সেই বেদনা প্রশমিত করার মানসে আমার চির আকাঙ্ক্ষিত এই ইউআইটিএস -এর জন্ম।
এই বিশ্ববিদ্যালয় শুধু একটি প্রতিষ্ঠান নয়; এটি আমাদের পরিবারের একটি স্বপ্ন, আদৃত ভালোবাসা এবং একটি মহান আমানত।
আমার জীবনসঙ্গিনী তাহমিনা রহমান, আমাদের আট সন্তান এবং পুরো PHP Family, আমরা সবাই আমাদের হৃদয়ের গভীর ভালোবাসা দিয়ে এই বিশ্ববিদ্যালয়কে গড়ে তোলার আপ্রাণচেষ্টা করে যাচ্ছি।
আমরা চেয়েছি এমন একটি শিক্ষাঙ্গন গড়ে তুলতে, যেখানে শিক্ষা শুধু পাঠ্যপুস্তক, পরীক্ষা কিংবা degree-এর মধ্যে সীমাবদ্ধ থাকবে না বরং একজন শিক্ষার্থী জ্ঞান অর্জনের পাশাপাশি প্রকৃত মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলবে। আল্লাহ পাকের অশেষ কৃপায় এই বিশ্ববিদ্যালয় থেকে লেখাপড়া করে অনেকে দেশ-বিদেশে সফলতার সাথে কাজ করছেন। আমাদের জন্য এর থেকে আনন্দের বিষয় আর কি হতে পারে।

জীবনের পরমার্থতা

দীপান্বিত শিক্ষার্থীবৃন্দ

Life is not a high jump, nor it is a long jump. It is a marathon of steps.

Life is precious, life is gracious, life is illustrations, life is mysterious, Life is marvelous, life is glorious, life is beautiful, life is vast, limitless, and it is the priceless gift of God to be born as a human being.

No other creation in the universe is decorated with so much beauty, limitless capability, knowledge, and wisdom.

"তু মকানী আছলে তু দর লা মকান
ঈ দোকান বর বনদে বখশা আ দোকান।"- রুমী

এটাকে কাব্যাকারে অনুবাদ করেছেন কবি গুরু রবীন্দ্রনাথ ঠাকুরঃ

"মহাবিশ্বে, মহাকাশে, মহাকাল মাঝে
আমি মানব, একাকী ভ্রমি বিস্ময়ে ভ্রমি বিস্ময়ে"

একটি আলোর কণা দিয়ে লক্ষ প্রদীপ জ্বলে,
একটি মানুষ, মানুষ হলে বিশ্বভুবন টলে।
একটি সুবৃক্ষ যদি হয় কুসুমিত,
গন্ধে তার সারা বন হয় আমোদিত।

তেমনি সুপুত্র যদি জন্মে একজন,
কুল ধন্য হয় যেন তাহার কারণ।
-------- চাণক্য পণ্ডিত

মানব সন্তান সম্পর্কে In the Holy Quran Allah says, লাকাদ খালাকনাল ইনসানা ফি আহসানি তাকভীম।
"নিশ্চয়ই আমি মানুষকে উৎকৃষ্ট (ও যথাযথ) গঠনে সৃষ্টি করেছি।"
– সূরা আত-তীন, আয়াত ৪

স্নেহের গ্রাজুয়েটবৃন্দ!
মানুষকে বলা হয় Image of God.

মানুষকে বলা হয় Reflection of God, Store house of energy.

এই মানুষ যখন তার সমস্ত মন প্রানকে উজাড় করে বিধাতার বিধানকে ধারণ করে এবং তার কর্তব্য-কর্মকে সম্পাদন করে, বিধাতা কুদরত থেকে তখন তাকে সহায়তা দান করেন।

"Divine blessings mixed with hard work, backed by good intention, make miracle,"
এটিই আমার জীবন দর্শন। আমার সাফল্য যদি কিছু থেকে থাকে তার চাবিকাঠি।

এক মা ৩ টন ওজনের জীপ গাড়ীতে তার ছেলেকে নিয়ে গভীর জঙ্গলের পথ দিয়ে যাচ্ছেন। ছেলে ড্রাইভ করতেছেন, হঠাৎ একটা গাছের সঙ্গে ধাক্কা লেগে গাড়ীটা উল্টে ছেলের বুঁকের উপর পড়ল। মা ছিটকে দুরে পড়লেন। তার কোন আঘাত লাগেনি। ছেলে শুধু বললেন- "মা তুমি যদি গাড়ীটা সরাতে পারো- আমি বেঁচে যাবো। নচেৎ আমার নি:শ্বাস বন্ধ হয়ে যাচ্ছে।" মা-জননীর সামনে তার সন্তান মারা যাবে তা অকল্পনীয়। মা ছেলেকে বাঁচানোর জন্য একা ধাক্কা দিয়ে গাড়ীটা সরালেন- ছেলে বেঁচে গেল। এ শক্তি কোথায় ছিল? শক্তি আছে। আসলে আমাদের শক্তিগুলো নিষ্ক্রিয় হয়ে গেছে।

The Story of Wilma Rudolph

Wilma Rudolph was born into a poor home in Tennessee. At age four, she had double Pneumonia with scarlet fever, a very deadly Combination which left her paralyzed with Polio. She had to wear a brace and the doctor said She would never put her foot on the earth.

But her mother encouraged her, she told wilma that with God-given ability, persistence and faith she could do anything she wanted. Wilma said, "I want to be the fastest woman of the track on this earth."

At the age of nine, against advice of the doctors, she removed the brace and took the first step the doctors had said she never would be able to do.

At the age of 13, She entered her first race and came away last. And then she entered her second, and third and fourth and came way, way last until a day came when she came in first.

At the age of 15 she went to Tennessee State University where she met a coach by the name of Ed Temple. She told him, ÒI want to be the fastest woman on the track on this earth." Temple said," with your indomitable spirit nobodz can stop you and besides, I will help you."

The day came when she was at the Olympics and at the Olympics you are matched with the best of the best. Wilma was matched against a woman named Jutta Heine who had never been beaten in last three Olympics.

The first event was the 100-meter race, Wilma beat Jutta Heine and won her first gold medal. The Second event was the 200-meter race and Wilma beat Jutta a second time and won her Second gold medal. The Third event was the 400-meter relay race and she was racing against Jutta one more time. In the relay, the fastest person always runs the last lap and they both anchored their teams. The first three people ran and changed the baton easily when

it came to Wilma's turn, she dropped the baton. But Wilma saw Jutta shoot up at the other end. She picked the baton, ran like a machine, beat Jutta a third time and won her third gold medal. It became history; that paralytic women became fastest woman on this Earth at the 1960 Olympics.

What a lesson to be learnt from Wilma. It teaches us that successful people do in spite of, not in absence of chalheages.

When we hear or read stories of people who have turned adversity into opportunity, doesn't it motivate us? If we regularly read the stories of struggling lives of such people, we would be motivated.

What is Motivation

It is motive for the action. Motivation is an action. So we cannot motivate someone, we can just inspire someone to be motivated. Became we can make the play ground; we can't play for them. One has to play for himself; we need to make them play.

Remember! the road to success is always under construction. There is no end in it. It is always a non- stop continuous process. There should not be any complacency in our lives. The complacents should be thrown in the dust bean of debris."-J.F. Kenedy. With God given ability, persistence and faith one can reach any goal he wants.

Some of the best music was composed by Beethover. He was deaf. Some of the best poetry on nature was written by Johan Milton. What was his chalheages? He was blind. One of the greatest world leaders was U.S president Franklin D. Roosevelt. What was his limitations? He served from a wheel chair. Football king Maradona was in an orphanage. President Barack Obama was in an orphanage. Likewise, many great people of the world started their lives from very humble position. A P J. Abdul kalam, was from a very ordinary family.

জীবনে কৃতকার্যতা অর্জনের মূলমন্ত্র

"The flame of life cannot be borrowed from others. It must be kindled from the temple of one's own self."

Men often become what they believe themselves to be.
When I believe, I cannot do somethings, it makes me incapable of doing that. But with courage and determination, when I do believe that I can, it makes me capable of doing that, though I did not possess the quality in the beginning." - Gandhi

"The highest art in human life is to awaken the dormant will-force lying inside within and to nerre us it to face the trials of life manfully with courage and determination to reach the ultimate destination"
- Iqbal

"No One ever attains very eminent success by Simply doing what is required of him; it is the amount and excellence of what is over and above the required that determines the greatness of ultimate distinction."- Charles Kendall Adams.

সাধারণ মানুষ কাজ করে সকাল ৯ টা হতে বিকাল ৫ টা। যারা অসাধারণ তারা কাজ করে সকাল ৫ টা হতে রাত ৯ টা পর্যন্ত। যারা মহা অসাধারণ তারা ঘুমায় না। Alva Edison কোনদিন ঘুমাননি। যেদিন শুইলেন সেদিনই মারা গেলেন। ১০০০ আবিষ্কার করেছিলেন তিনি।

"If a man is called to be a street sweeper, he should sweep streets even as Michel Angelo painted, or Beethoven composed music, or Shakespear wrote poetry. He should sweep streets so well that all the hostsof heaven and earth will pause to say, here lived a great street sweeper who did his job with excellence" - Martin Luther King Jr.

আমরা বড়লোক হতে চাই, পরিশ্রম করতে চাইনা, আমরা সুনাম, যশ, সুখ্যাতি অর্জন করতে চাই, আমাদের বিশ্বস্ততা নাই। আমরা বিনা পরিশ্রমে সাফল্য অর্জন করতে চাই। তা কোনদিন হবে না।

আল্লাহ পাক পবিত্র কোরআনে বলেন, "লাইছালিল ইনছানে-ইল্লা মাছায়া।"
- কঠিন পরিশ্রম, সাধনা ব্যতিত কোন মানুষ সৌভাগ্য অর্জন করতে পারে না।

"ইন্নাল্লাহা লা ইউ গায়েয়রুকা মা বে কাওমীন হাত্তা ইউ গায়েয়রা মা বে আনফুছীহীম"--কোরান
-আমি আল্লাহ কোন জাতীর ভাগ্য পরিবর্তন করি না, যতক্ষন না সে জাতি নিজে তার ভাগ্য পরিবর্তন করে।

জাপানের বিখ্যাত দার্শনিক এবং বিশ্ব বিখ্যাত শিল্পপতি কাজুও ইনামুরির ২টা উক্তি আমরা এখানে লিখলাম যা আমাদের সন্তানদেরকে গভীরভাবে অনুপ্রাণিত করবে।

